দৈনিক ইনকিলাব

তারিখ 11 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

02

শিক্ষাঙ্গন

## মেডিকেলে ভর্তির নতুন সমস্যা

বিগত কয়েক বছর যাবত লক্ষ্য করা যাচ্ছে যে, মেডিকেল ভর্তি পরীক্ষায় এসএসসি এবং এইচএসসি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ১% যোগ করা হয়। কিন্তু '৯২ সালে এসএসসি পরীক্ষায় ৫০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্ন যুক্ত হওয়ার ফলে যারা '৯১ সালে এসএসসি পরীক্ষা দিয়েছে তাদের অপেক্ষা '৯২ সালের পরীক্ষার্থীদের অনেক বেশী নম্বর। যার ফলশ্রুতিতে আসন্ন মেডিকেল ভর্তি পরীক্ষায় এসএসসি পরীক্ষার ১% যোগ করা হলে '৯১ সালের এসএসসি পরীক্ষার্থীরা ভর্তি পরীক্ষার প্রতিযোগিতা হতে অনেক দূরে সরে যাবে। যেখানে ০১ নম্বরের জন্যও একজন ছাত্রের ডাক্তার হওয়ার আশা অংকুরে বিনষ্ট হয়ে যায়। যেহেতু মেডিকেল ভর্তি পরীক্ষা খুবই তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক, তাই আমরা আশা করব, কর্তৃপক্ষ বিষয়টি ভালভাবে চিন্তা করবেন এবং '৯৪-৯৫ শিক্ষাবর্ষ হতে একটা সুষ্ঠু পদ্ধতি আমাদের সামনে তুলে ধরবেন।

—মামুন, শাহরিয়ার, সাইফুল, সাগর, আরিফ ও কান্তা।
পদার্থ বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়